

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১৩৭৯  
উদয়পুর, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

**উদয়পুরে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ উদয়পুর টাউনহলে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়। তিনি উদ্বোধকের ভাষণে বলেন, বিদ্যাসাগর ছিলেন শিক্ষাবিদ, সমাজ সংস্কারক। নারী শিক্ষা বিস্তারে বিদ্যাসাগরের অবদান অনস্বীকার্য। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের গোমতী জেলা শিক্ষা আধিকারিক বিকাশ নাথ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা। সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। এদিন অনুষ্ঠানের শুরুতে উপস্থিত অতিথিগণ বিদ্যাসাগরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। এছাড়া এদিন সাংস্কৃতিক অনুষ্ঠান ও কুইজের আয়োজন করা হয়।

\*\*\*\*\*